



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ২৫ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ

০৮ মে ২০১৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে ২৫ শে বৈশাখ উদ্‌যাপন

বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয়ে গেল এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অদ্য ২৫ শে বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দে বিশ্ববিদ্যালয়ের সিটি ক্যাম্পাসে বিকাল ৪.৩০ মিনিটে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাংলা বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনায় রবীন্দ্র সঙ্গীত, কবিতা আবৃত্তি, নৃত্য পরিবেশনা ও নাটক মঞ্চায়ন করা হয়। বাংলা বিভাগের চেয়ারম্যান শারমিন আজারের সভাপতিত্বে অনুষ্ঠিত আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়